কোটচাঁদপুরে নির্বাচনী কর্মকর্তাদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটের আয়োজনে প্রশিক্ষণে ৮০৪ জন অংশগ্রহণ করেন। মঙ্গলবার সকালে কোটচাঁদপুর সরকারি খন্দকার মোশারফ হোসেন কলেজ মিলনায়তনে এ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

জেলা নির্বাচন অফিসার আবুল হোসেনের সভাপতিত্বে প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং অফিসার আব্দুল্লাহ আল মাসউদ। এতে পুলিশ সুপার মাহফুজ আফজাল, উপজেলা নির্বাহী কর্মকর্তা এনামুল হাসানসহ নির্বাচন অফিসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দিনব্যাপী এ প্রশিক্ষণে কোটচাঁদপুর উপজেলার ৫৭ জন প্রিজাইডিং অফিসার, ২৪৯ জন সহকারী প্রিজাইডিং অফিসার এবং ৪৯৮ জন পোলিং অফিসার প্রশিক্ষণ গ্রহণ করেন। এসময় ভোটগ্রহণের দিন দায়িত্ব পালন, আইনশৃঙ্খলা রক্ষা, ব্যালট ব্যবস্থাপনা ও নির্বাচন সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে বিস্তারিত প্রশিক্ষণ প্রদান করা হয়।

কোটচাঁদপুরে মোটরসাইকেলের গতিরোধ করে ছিনতাই

কোটচাঁদপুরে এক যুবকের মোটরসাইকেলের গতিরোধ করে অস্ত্রের ভয় দেখিয়ে টাকা ও মোবাইল ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে।

বুধবার সন্ধ্যা রাতে উপজেলার পাঁচলিয়া সড়কের গোরসুতী গ্রামের মাদ্রাসার সামনের সড়কে এ ঘটনাটি ঘটে। এ সময় দুর্বৃত্তরা ওই যুবককে পিটিয়ে আহত করে। বর্তমানে তিনি স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। আহত যুবক পাঁচলিয়া গ্রামের রহিদুল ইসলামের ছেলে।

রহিদুল ইসলাম জানান, তাঁর ছেলে শাওন হোসেন (১৯)। তিনি পোলট্রি মুরগির চাষ করেন। মুরগি বিক্রির টাকা গোরসুতী মাদ্রাসার আহিদুল ইসলামের কাছে বাচ্চা কেনার জন্য জমা রাখতেন। বুধবার সন্ধ্যায় শাওন মুরগি বিক্রির টাকা নিয়ে মাদ্রাসার দিকে যাচ্ছিলেন।

পথিমধ্যে কয়েকজন যুবক তাঁর মোটরসাইকেলের গতিরোধ করে। এরপর তাঁকে পিটিয়ে আহত করে তাঁর কাছে থাকা নগদ ৪০ হাজার টাকা ও একটি মোবাইল ফোন ছিনিয়ে নেয়। খবর পেয়ে স্থানীয়রা ঘটনাস্থল থেকে তাঁকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। বর্তমানে তিনি সেখানেই চিকিৎসাধীন রয়েছেন।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদউজ্জামান বলেন, ঘটনাটি যেভাবে শোনা যাচ্ছে, বিষয়টি ঠিক সেভাবে নাও হতে পারে। এর মধ্যে অন্য কিছু থাকতে পারে। বিষয়টি নিয়ে তদন্ত শুরু হয়েছে। তদন্তের পর প্রকৃত রহস্য জানা যাবে। তবে এ ঘটনায় এখনো পর্যন্ত কেউ কোনো লিখিত অভিযোগ করেনি।

কোটচাঁদপুরে শুভ উদ্বোধন হলো কৃষি প্রযুক্তি মেলা-২০২৬

যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ানো এবং কৃষকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কোটচাঁদপুরে শুভ উদ্বোধন হলো তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলা-২০২৬।

মঙ্গলবার (২০ জানুয়ারি) কোটচাঁদপুর উপজেলা কৃষি অফিস প্রাঙ্গণে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে মেলার শুভ উদ্বোধন করা হয়।

মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার জনাব এনামুল হাসান। বিশেষ অতিথি ও সভাপতির বক্তব্য দেন, উপজেলা কৃষি অফিসার জনাব মোঃ জাহিদ হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার বলেন, টেকসই কৃষি উন্নয়নের জন্য আধুনিক প্রযুক্তি ও পরিবেশবান্ধব চাষাবাদ পদ্ধতির বিকল্প নেই। এই ধরনের কৃষি প্রযুক্তি মেলা কৃষকদের নতুন জ্ঞান ও উদ্ভাবনের সঙ্গে পরিচিত করে তুলবে, যা উৎপাদন বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

সভাপতির বক্তব্যে উপজেলা কৃষি অফিসার মোঃ জাহিদ হোসেন বলেন, বর্তমান জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে টেকসই কৃষি ব্যবস্থাপনা নিশ্চিত করা অত্যন্ত জরুরি। এই মেলার মাধ্যমে কৃষকদের আধুনিক কৃষিযন্ত্র, উন্নত বীজ, সার ব্যবস্থাপনা ও প্রযুক্তিনির্ভর চাষাবাদ সম্পর্কে হাতে-কলমে ধারণা দেওয়া হচ্ছে।”

মেলায় উন্নত জাতের ফসল, আধুনিক কৃষিযন্ত্র, জৈব সার, সমন্বিত বালাই ব্যবস্থাপনা, সেচ প্রযুক্তি এবং কৃষিভিত্তিক বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগের স্টল স্থান পেয়েছে। মেলাটি ২০ থেকে ২২ জানুয়ারি পর্যন্ত প্রতিদিন সকাল থেকে বিকেল পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।

কোটচাঁদপুরে আগুনে পুড়ে দেড় বছরের শিশুর মৃত্যু

ঝিনাইদহ কোটচাঁদপুরে আগুনে পুড়ে গুরুতর আহত হওয়া ১৮ মাস বয়সী কন্যা শিশু ছোয়া খাতুন মারা গেছে। প্রায় ১০ ঘণ্টা মৃত্যুর সঙ্গে লড়াই করে রবিবার (১৮ জানুয়ারি) রাত ২টার দিকে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহত ছোয়া খাতুন কোটচাঁদপুর উপজেলার কাঠালিয়া গ্রামের বাসিন্দা এবং স্থানীয় বেকারি শ্রমিক রাকিব হোসেনের ছোট মেয়ে।

ছোয়ার চাচা বিল্লাল হোসেন জানান, রবিবার বিকেলে ছোয়ার মা রেশমী খাতুন শোবার ঘরে কয়েল জ্বালিয়ে শিশুটিকে ঘুম পাড়িয়ে রেখে পাশের বাড়িতে যান। কিছুক্ষণ পর তারা জানতে পারেন ঘরে আগুন লেগেছে। খবর পেয়ে দ্রুত ছুটে এসে আগুনের মধ্য থেকে ছোয়াকে উদ্ধার করা হয়। এ সময় শিশুটির শরীরের প্রায় ৭০ শতাংশ দগ্ধ হয় এবং তাদের বসতঘর সম্পূর্ণ পুড়ে যায়।

পরে ছোয়ার বাবা-মা তাকে প্রথমে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর অবস্থার অবনতি হলে চিকিৎসকরা তাকে যশোর জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। যশোরে নেওয়ার পর সেখানকার চিকিৎসকরাও উন্নত চিকিৎসার জন্য ঢাকায় রেফার্ড করেন। পরে ঢাকার একটি হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসাধীন অবস্থায় রাতে তার মৃত্যু হয়।

এ ঘটনায় শিশুটির বসতঘরসহ ঘরের সব আসবাবপত্র পুড়ে ছাই হয়ে গেছে।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদউজ্জামান জানান, খবর পাওয়ার পর পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। বিষয়টি তদন্তাধীন রয়েছে, তদন্ত শেষে বিস্তারিত জানানো হবে।

কোটচাঁদপুর শহরের দুই ব্যবসা প্রতিষ্ঠানে আগুন

ঝিনাইদহের কোটচাঁদপুর শহরের দুটি ব্যবসা প্রতিষ্ঠানে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। শনিবার (১৭ জানুয়ারি) রাত সাড়ে ৯টার দিকে এ ঘটনা ঘটে। ফায়ার সার্ভিস সূত্রে জানা গেছে, গ্যাস সিলিন্ডার থেকে আগুনের সূত্রপাত হতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বাঁশ, কাঠ ও টিন দিয়ে নির্মিত পাশাপাশি দুটি ব্যবসা প্রতিষ্ঠানের একটিতে চটের বস্তা ও পুরোনো কাগজের দোকান এবং অপরটিতে ফুসকা-চটপটির দোকান ছিল। রাতে দোকান দুটি বন্ধ থাকার সময় স্থানীয়রা চটের বস্তা ও পুরোনো কাগজের দোকান

থেকে ধোঁয়া বের হতে দেখে। এ সময় ফায়ার সার্ভিসকে খবর দেওয়া হলে তাদের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছানোর আগেই দ্রুত আগুন ছড়িয়ে পড়ে এবং দুইটি প্রতিষ্ঠান সম্পূর্ণভাবে ভস্মীভূত হয়ে যায়।

অগ্নিকাণ্ডের সময় পুরো শহর বিদ্যুৎশূন্য হয়ে পড়ে। পরে কোটচাঁদপুর ও মহেশপুর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট প্রায় দুই ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়।

কোটচাঁদপুর ফায়ার সার্ভিসের ইনচার্জ আবুল হাসেম জানান, ঘটনাস্থলের আশপাশে পর্যাপ্ত পানির ব্যবস্থা না থাকায় আগুন নেভাতে তাদের বেশ বেগ পেতে হয়েছে। তিনি আরও বলেন, প্রাথমিকভাবে ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ১৫ লাখ টাকা হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

অগ্নিকাণ্ডের সময় পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা ফায়ার সার্ভিস কর্মীদের কাজে সহায়তা করেন।

চটের বস্তা ও পুরোনো কাগজের দোকানের মালিক তৌহিদ অভিযোগ করে বলেন, পরিকল্পিতভাবে তার দোকান পুড়িয়ে দেওয়া হয়েছে। তিনি জানান, প্রায় দুই বছর আগেও একইভাবে রাতে তার দোকানে আগুন লাগানো হলে পাশের চারটি দোকান ভস্মীভূত হয়। সে সময় প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের কাছে অভিযোগ করেও কোনো প্রতিকার পাননি। এবারও ব্যবসায়িক দ্বন্দ্বের জেরে আরেক চটের বস্তা ব্যবসায়ীকে এ ঘটনার জন্য দায়ী করেন তিনি।

অন্যদিকে আগুনে ক্ষতিগ্রস্ত ফুসকা-চটপটির দোকানের মালিক সাজ্জাদ হোসেন বলেন, গত দুই বছরে এখানে দুইবার আগুন লাগার ঘটনা ঘটেছে। কীভাবে আগুন লাগে তা তিনি জানেন না। এবার আগুনে সবকিছু পুড়ে গিয়ে তিনি সম্পূর্ণ নিঃস্ব হয়ে গেছেন বলে জানান।

কোটচাঁদপুরে পুলিশের অভিযানে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পরিত্যক্ত ইয়ারগান উদ্ধার

কোটচাঁদপুরের একটি বাগান থেকে ২ টি পরিত্যক্ত ইয়ারগান উদ্ধার করেছেন ঝিনাইদহের র্যাব-৬। গতকাল বৃহস্পতিবার রাত ১ টার দিকে সলেমানপুর গ্রামের মতিয়ার সর্দারের বাগান থেকে উদ্ধার করা হয় গান দুইটি। পরে তা কোটচাঁদপুর থানার হেফাজতে রেখে যান বলে জানা গেছে।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গোপন সংবাদে ঝিনাইদহের র্যাব-৬ জানতে পারেন পরিত্যক্ত ইয়ারগান দুইটির কথা। এরপর বৃহস্পতিবার রাত ১ টার দিকে ঝিনাইদহের র্যাব-৬ ও কোটচাঁদপুর থানার পুলিশ যৌথ অভিযান চালান কোটচাঁদপুরের সলেমানপুর গ্রামের মতিয়ার সর্দারের বাগানে।

এসময় ওখান থেকে উদ্ধার করেন, পরিত্যক্ত মালিক বিহীন দুইটি ইয়ারগান। এ অভিযান পরিচালনা করেন, ঝিনাইদহের র্যাব-৬ ক্যাম্প কমান্ডার মেহেদী হাসান সিদ্দিক। এ সময় কোটচাঁদপুর থানা পুলিশের উপপরিদর্শক এস আই অপু বিশ্বাস ও পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন। পরে তা কোটচাঁদপুর থানার হেফাজতে রেখে যান তারা।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদউজ্জামান বলেন, পরিত্যক্ত উদ্ধার হওয়া কোনো মালামালের মামলা হয় না। জিডি হয়। গতকাল বৃহস্পতিবার রাতে উদ্ধার হওয়া মালামাল নিয়ে থানায় একটি জিডি হয়েছে।

কোটচাঁদপুরে পরিত্যক্ত আগ্নেয়াস্ত্র উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সলেমানপুর এলাকা থেকে পরিত্যক্ত অবস্থায় দুটি আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে র্যাব-০৬।

বৃহস্পতিবার ভোররাতে কোটচাঁদপুর-চৌগাছা সড়কের সলেমানপুর

এলাকার একটি বাগান থেকে অস্ত্র উদ্ধার করা হয়।

র্যাব-৬, সিপিসি-২ ঝিনাইদহ ক্যাম্পের কোম্পানি কমান্ডার মেজর মেহেদী ইমরান সিদ্দিকী জানান, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে নিয়মিত বিভিন্ন এলাকায় অভিযান চালাচ্ছে র্যাব।

এরই ধারাবাহিকতায় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে পরিত্যাক্ত অবস্থায়.২২ ক্যালিবারের একটি একনলা বন্দুক ও একটি এয়ারগান উদ্ধার করা হয়। এ ঘটনায় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য উদ্ধারকৃত অস্ত্র কোটচাঁদপুর থানায় সোপর্দ করা হয়েছে।

কক্ষ সংকটে কোটচাঁদপুরের সাবদারপুর মুনসুর আলী একাডেমির ৭শ শিক্ষার্থী

কোটচাঁদপুর উপজেলার সাবদারপুর মুনসুর আলী একাডেমিতে প্রায় ৭শ শিক্ষার্থী অধ্যয়নরত থাকলেও প্রয়োজনীয় সংখ্যক শ্রেণিকক্ষ না থাকায় ব্যাহত হচ্ছে শিক্ষা কার্যক্রম।

দীর্ঘদিন ধরে কক্ষ সংকট নিরসনে একাডেমিক ভবন নির্মাণ কাজ চলমান থাকলেও তা আজও শেষ হয়নি। এ অবস্থায় দ্রুত সমাধান চেয়েছেন বিদ্যালয় সংশ্লিষ্টরা।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিন উদ্দিন বলেন, কোটচাঁদপুর উপজেলার একটি পুরাতন ও ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান হলো সাবদারপুর মুনসুর আলী একাডেমি। আশপাশের অন্তত ১০টি গ্রামের ছেলে-মেয়েরা এখানে লেখাপড়া করে। ১৯৬০ সালে প্রতিষ্ঠার পর থেকে বিদ্যালয়টি সুনামের সঙ্গে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে ষষ্ঠ থেকে দশম শ্রেণি পর্যন্ত প্রায় সাড়ে ছয়শ থেকে সাতশ শিক্ষার্থী এখানে অধ্যয়নরত।

তিনি জানান, এত শিক্ষার্থীর জন্য যেখানে ১৮ থেকে ২০টি শ্রেণিকক্ষ প্রয়োজন, সেখানে বিদ্যালয়ে রয়েছে মাত্র ১৪টি কক্ষ। ফলে বাধ্য

হয়ে কমন রুম, বিজ্ঞান ল্যাব, কম্পিউটার ল্যাব ও শিক্ষকদের অফিস কক্ষেও পাঠদান কার্যক্রম পরিচালনা করতে হচ্ছে। এতে শিক্ষার্থীদের স্বাভাবিক পাঠদান ব্যাহত হচ্ছে।

কক্ষ সংকট নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করা হলে ঝিনাইদহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় প্রায় ৮০ লাখ টাকা ব্যয়ে চারতলা একাডেমিক ভবনের বরাদ্দ পাওয়া যায়। যার প্রথম তলার নির্মাণকাজ ২০২১ সালের ১৩ জানুয়ারি শুরু হলেও আজ পর্যন্ত শেষ হয়নি।

প্রধান শিক্ষক আরও বলেন, আগে থেকেই বিদ্যালয়ে কক্ষ সংকট ছিল। নতুন শিক্ষাবর্ষে নতুন শিক্ষার্থী ভর্তি হওয়ায় সমস্যা আরও প্রকট হয়েছে। দ্রুত নির্মাণাধীন ভবনের কাজ শেষ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেন তিনি।

এ বিষয়ে রিফাত আরা ট্রেডিং নামক ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক ওবায়দুর রহমান বলেন, কাজটি তার লাইসেন্সে হলেও তিনি নিজে কাজটি করেননি। তিনি কাজটি শৈলকূপা উপজেলার ঠিকাদার শহিদুল ইসলাম নামের একজনের কাছে বিক্রি করে দেন।
তিনি জানান, কাজ শুরুর পর কিছুদিন চললেও পরে নির্মাণসামগ্রীর মূল্যবৃদ্ধির কারণে অর্থনৈতিক সংকটে পড়ে কাজ বন্ধ করে দেওয়া হয়।

ঝিনাইদহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী সুব্রত কুমার পাল বলেন, ২০২১ সালের ১৩ জানুয়ারি নির্মাণকাজ শুরু হয় এবং ওই বছরের ১৩ অক্টোবরের মধ্যে শেষ হওয়ার কথা ছিল। ঠিকাদারি প্রতিষ্ঠান অর্থনৈতিক সমস্যার অজুহাতে বারবার কাজ বন্ধ করে দেয়। একাধিকবার তাগাদা দেওয়ার পরও কাজ না করায় প্রকল্পটি বাতিল করা হয়েছে। বর্তমানে কাজটি পুনরায় টেন্ডারের জন্য অনুমতি চাওয়া হয়েছে। অনুমোদন পেলে পুনরায় নির্মাণকাজ শুরু করা হবে।

এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক কুমার জানান, বিদ্যালয়ের শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের ধারণক্ষমতা বিষয়ে সরকারি কোনো নির্দিষ্ট নীতিমালা নেই। কর্তৃপক্ষ তাদের সক্ষমতা অনুযায়ী শ্রেণিকক্ষে বসিয়ে পাঠদান কার্যক্রম পরিচালনা করে থাকেন।

কোটচাঁদপুর ব্লাডব্যাংকের ৮ম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

ঝিনাইদহের কোটচাঁদপুর ব্লাডব্যাংকের ৮ম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে নতুন কমিটি ঘোষণা ও শুভানুধ্যায়ীদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকাল ৩টার সময় উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের অডিটোরিয়ামে সাবেক সভাপতি মাস্টার মশিউর রহমানের সভাপতিত্বে এবং সেক্রেটারি আব্দুল আলিমের সঞ্চালনায় এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইছাহক আলী, পরিচালক ও হরিণদিয়া আলিম মাদ্রাসার শিক্ষক ওমর ফারুক, সরকারি কলেজের প্রভাষক রফিকুল ইসলাম, উজ্জ্বল হোসেন, সভাপতি মিলন আহমেদ, প্রতিষ্ঠাতা পরিচালক জাহাঙ্গীর আলম, অর্থ সম্পাদক মেহেদী হাসানসহ সংগঠনের কমিটির সদস্যবৃন্দ।

বক্তারা বলেন, মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য। তাই অসুস্থ অবস্থায় হাসপাতালে ভর্তি হলে রক্তের প্রয়োজন দেখা দিলে রোগীর পরিবারের লোকজন হতাশাগ্রস্ত হয়ে পড়ে। এমন সময় রক্ত পেলে রোগীর বেঁচে থাকার নতুন দিশা তৈরি হয়।

এ সময় সবাইকে রক্তদান করতে এবং অন্যদের রক্তদানে উৎসাহিত করার আহ্বান জানান বক্তারা।

অনুষ্ঠানে কোটচাঁদপুর ব্লাডব্যাংকের থিম সং ভিডিওচিত্রের মাধ্যমে প্রদর্শন করা হয় এবং প্রোগ্রাম শেষে ব্লাডব্যাংকে বিশেষ অবদান রাখায় সম্মাননা স্মারক ক্রেস্ট প্রদান করা হয়।